

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়
৪৪১, তেজগাঁও শিল্প এলাকা ঢাকা-১২০৮।
Email:diradmdncbd@gmail.com.website www.dnc.gov.bd


নথি নং-৪৪.০৪.০০০০.০০৬.০০.০০৩(রাজস্ব).১৩-২২২৬

তারিখ : ০৮ এপ্রিল ২০১৬।

বিষয় : মাসিক / ত্রৈমাসিক প্রতিবেদন বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরণকরণ।

গত ০৭ মার্চ ২০১৬ তারিখে মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর সভাপতিত্বে মাসিক স্টাফ সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যে কোন কার্যালয় হতে সময়মত রিপোর্ট রিটার্ন না পাওয়ায় পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রস্তুত করা সম্ভব হয় না। ফলে মন্ত্রণালয়ে ধার্য তারিখে সমন্বিত প্রতিবেদন পাঠাতে যেমন বিলম্ব হয় তেমনি অনেক সময় অসম্পন্ন প্রতিবেদন প্রেরণ করতে হয়, যা ভবিষ্যতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কার্যক্রমের প্রতি কর্তৃপক্ষের অসন্তুষ্টির কারণ হতে পারে। উহা উত্তরণে এখন হতে সকল মাঠ পর্যায়ে কর্মকর্তাগণ সকল প্রতিবেদন বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন এবং বিভাগীয় কর্মকর্তাগণ কোন ব্যর্থতা ছাড়াই তা সমন্বিত করে ধার্য তারিখের পূর্বেই প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন।

অত্যন্ত জরুরী।


(মো: আখতার আলী সরকার)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন: ০২-৮৮৭০০১৬।

সদয় কার্যার্থে :

- ০১। অতিরিক্ত পরিচালক, গোয়েন্দা শাখা/ বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,.....।
- ০২। উপ-পরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,.....।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ০১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় [দৃষ্টি আকর্ষণ: যুগ্ম-সচিব সমন্বয়]
- ০২। পরিচালক (অপারেশনস/নিরোধশিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
- ০৩। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী ; ইহা মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৪। অতিরিক্ত মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী ; ইহা অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৫। অফিস কপি।